
# বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দিন



# ৯১তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্স

**যোগ্যতা ঃ**

১। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৪ তারিখে ১৬½ হতে ২১ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের জন্য ১৮-২৩ বছর।

২। **শারীরিক যোগ্যতা (ন্যূনতম)**।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৭ মিটার (৫ ফুট ২ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৪ কিলোগ্রাম (১২০ পাউন্ড) | ৪৭ কিলোগ্রাম (১০৪ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |
| * উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে | | | |

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**।

ক। **জাতীয় মাধ্যম**। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় যে কোন একটিতে জিপিএ-৫.০০ ও অন্যটিতে জিপিএ-৪.৫০ পেয়ে উত্তীর্ণ।

খ। **ইংরেজী মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ৩টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড পেয়ে উত্তীর্ণ।

**অথবা**

'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ১টিতে 'এ' গ্রেড ও ১টিতে 'বি' গ্রেড পেয়ে উত্তীর্ণ।

গ। ২০২৩ সালের এইচএসসি/ 'এ' লেভেল পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে প্রার্থীদের অবশ্যই এসএসসি পরীক্ষায় জিপিএ-৫.০০ এবং 'ও' লেভেল পরীক্ষায় ৬টি বিষয়ের মধ্যে ৩টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড/সমমান ফলাফল থাকতে হবে।

ঘ। ২০২৩ সালের এইচএসসি/'এ' লেভেল পরীক্ষার্থীগণ পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পূর্বে আইএসএসবি'তে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিএমএ'তে যোগদানের পূর্বে অবশ্যই ফলাফল প্রকাশিত হতে হবে।

৪। **বৈবাহিক অবস্থা**। অবিবাহিত।

৫। **জাতীয়তা**। জন্ম সূত্রে বাংলাদেশী নাগরিক।

**অযোগ্যতা ঃ**

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।

৭। আইএসএসবি (ISSB) পরীক্ষায় দু'বার স্ক্রীন্ড আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবেন)।

৮। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত।

১০। প্রতিটি চোখের দৃষ্টিক্ষীনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি।

১১। প্রার্থীর বয়স **১৮ বছর** হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) অপারেশন গ্রহণযোগ্য নয়। ল্যাসিক অপারেশনের তারিখ হতে চোখ পরীক্ষার তারিখের মধ্যে ন্যূনতম **৩ (তিন) মাস** অতিবাহিত হতে হবে।

১২। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

**অনলাইনে আবেদনের পদ্ধতি ঃ**

১৩। ২৪ ফেব্রুয়ারি ২০২৩ হতে ২৪ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৪। আবেদনকারী প্রার্থীগণকে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় APPLY NOW তে ক্লিক করে বর্ণিত কোর্সে APPLY করতে হবে।

১৫। আবেদনকারী প্রার্থীগণ টেলিটক, Trust Bank t-cash, VISA/Master Card, Bkash, Nagad, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০ (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

১৬। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো কাস্টমার সাপোর্ট নম্বরে (+৮৮০১৭১৩১৬১৯৭৯) সরাসরি যোগাযোগ করা যাবে।

**নির্বাচন পদ্ধতি ঃ**

১৭। **প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক)**। প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক) পরীক্ষা আগামী ০৭ মে ২০২৩ হতে ১৮ মে ২০২৩ তারিখ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। কোন প্রার্থী পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোন দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি নিজ নিজ পরীক্ষা কেন্দ্রে জানাতে হবে।

১৮। **লিখিত পরীক্ষা**। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে বাংলা, ইংরেজী, সাধারণ গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে সাক্ষাৎকার পত্রে উল্লেখিত স্থানে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা আগামী ০২ জুন ২০২৩ (শুক্রবার) তারিখ ০৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল জুন ২০২৩ মাসের ৩য় সপ্তাহে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৯। **আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ (ISSB) পরীক্ষা**। লিখিত পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইট www.issb-bd.org এ প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

২০। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। আইএসএসবি পরীক্ষার পরে প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২১। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান**। স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্ত যোগ্যতা অর্জন সাপেক্ষে প্রার্থীদেরকে সেনাসদর, এজি'র শাখা (পিএ পরিদপ্তর) কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে এবং যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

**বিএমএ প্রশিক্ষণ ঃ**

২২। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ বিএমএ'তে ৩ (তিন) বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং প্রশিক্ষণ সমাপনান্তে কমিশন লাভ করবেন।

**প্রাপ্ত সুযোগ সুবিধা ঃ**

২৩। **বেতন/ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে কমিশন্ড অফিসার হিসেবে প্রযোজ্য বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

২৪। **অন্যান্য বিশেষত্ব ঃ**

ক। **বিদেশে প্রশিক্ষণ**। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণ বিদেশে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবেন।

খ। **উচ্চতর শিক্ষা**। ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে স্নাতকোত্তর, এমফিল ও পিএইচডি ডিগ্রী অর্জনের সুযোগ পাবেন।

গ। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।

ঘ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

ঙ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ, ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (BUP) এ অধ্যয়নের সুযোগ পাবেন।

**বিশেষ নির্দেশনা ঃ**

২৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিএমএ'তে যোগদানের পূর্বে জাতীয় পরিচয়পত্র প্রস্তুত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

২৬। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৭। ক্যাডেট কলেজ/বিএনসিসি/এমসিএসকে-এর ক্যাডেটদের স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে।

২৮। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

২৯। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

**আবেদনের শেষ তারিখঃ**
**২৪ এপ্রিল ২০২৩**

**পরিচালক**
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা

কাস্টমার সাপোর্ট নম্বরঃ +৮৮০১৭১৩১৬১৯৭৯
ই-মেইলঃ joinarmy.helpdesk@gmail.com

**অনলাইনে আবেদন করতে ভিজিট করুনঃ https://joinbangladesharmy.army.mil.bd**